



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি
২২ নভেম্বর ২০২২

অদ্য ২২ নভেম্বর ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর আন্তর্জাতিক সম্মেলন কক্ষে (৪র্থ তলা) স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক “মাতৃভাষা ও আমাই-এর বিভিন্ন প্রকাশনা বিষয়ক রেফারেন্স পদ্ধতি” শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।



‘মাতৃভাষা ও আমাই-এর বিভিন্ন প্রকাশনা বিষয়ক রেফারেন্স পদ্ধতি’ শীর্ষক কর্মশালায় সভাপতি ও ধারণাপত্র উপস্থাপক, আলোচকবৃন্দ এবং অংশগ্রহণকারীগণ

কর্মশালায় সভাপতিত্ব ও ধারণাপত্র উপস্থাপন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর মহাপরিচালক প্রফেসর ড. হাকিম আরিফ। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব মামুনুর রশিদ, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় ও ভাষা বিশেষজ্ঞ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, জনাব তাওহিদা জাহান, সহকারী অধ্যাপক ও চেয়ারম্যান, যোগাযোগ বৈকল্য বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব আব্দুস সাত্তার, সহকারী অধ্যাপক, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ড. মোঃ সাহেদুজ্জামান, সহযোগী অধ্যাপক, বাংলা বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাউশি, ঢাকা। কর্মশালায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর কর্মকর্তা-কর্মচারীসহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

২২/১১/২০২২

(মোঃ মিজানুর রহমান)

উপপরিচালক (প্রচার, তথ্য ও জনসংযোগ)

মোবাইল: ০১৭১১৪৬০৫৮০

ইমেইল: mizanurr16bcs@gmail.com